

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

Fax: 880-02-9576533, Web: www.gov.bd

স্মারক নং-৩৯.০০.০০০০.০০৮.০২২.১৯.১৪-

1226

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৩  
১১ জুলাই ২০১৬

প্রজ্ঞাপন

'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬'র আওতায় গত ৪ মে, ২০১৬ প্রতীক্ষিত 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট' এর পরিচালনা ও প্রশাসনের জন্য উক্ত আইনের ধারা ৭-এর উপধারা ১ মোতাবেক নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ট্রাস্টি বোর্ড গঠন করা হলোঃ

- |  |                   |
|--|-------------------|
| (ক) মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়   | -চেয়ারম্যান      |
| (খ) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  | -ভাইস-চেয়ারম্যান |
| (গ) যুগ্ম-সচিব, জনাব মোঃ সাইদুর রহমান, মন্ত্রিপরিষদ বিভাগ  | -সদস্য            |
| (ঘ) যুগ্ম-সচিব, উন্নয়ন, জনপ্রশাসন মন্ত্রণালয়   | -সদস্য            |
| (ঙ) যুগ্ম-সচিব, জনাব কবিরুল ইজদানী খান, অর্থ বিভাগ   | -সদস্য            |
| (চ) যুগ্ম-সচিব, বেগম সুলতানা নাসিরা খান, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  | -সদস্য            |
| (ছ) যুগ্ম-সচিব, জনাব মোঃ আমিনুল ইসলাম খান, শিক্ষা মন্ত্রণালয়  | -সদস্য            |
| (জ) যুগ্ম-সচিব, জনাব মোঃ আব্দুল মান্নান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  | -সদস্য            |
| (ঝ) সদস্য (উন্নয়ন), সৈয়দা আনোয়ারা বেগম,<br>বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)   | -সদস্য            |
| (ঞ) পরিচালক, জনাব মোঃ সামছুল আলম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন   | -সদস্য            |
| (ট) ড. গোলাম মোহাম্মদ ভূঞা, অধ্যাপক, তাত্ত্বিক পদার্থ বিজ্ঞান বিভাগ,<br>ঢাকা বিশ্ববিদ্যালয় (সরকার কর্তৃক মনোনীত সদস্য) ও<br>জনাব মোহাম্মদ আতিকুর রহমান, অধ্যাপক, রেসপিরেটরি মেডিসিন, ইন্টারনাল মেডিসিন<br>বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (সরকার কর্তৃক মনোনীত সদস্য) | -সদস্য            |
| (ঠ) অতিরিক্ত সচিব (বিপ্র), বেগম মাহমুদা মিন আরা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়   | -সদস্য সচিব       |
- (২) আইনের ধারা ৭ এর-২ উপধারা মোতাবেক ক্রমিক নং (ট) এ উল্লিখিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দুই বৎসর মেয়াদে স্থায়ী পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনবোধে, যে কোন সময় তৎকালীন মনোনীত যে কোন সদস্যকে মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ-দর্শনো ব্যতিরেকে অব্যাহতি প্রদান করতে পারবে।

(৩) কার্যাবলী: আইনের ৮ ধারা মোতাবেক ট্রাস্টি বোর্ডের কার্যাবলী হবে নিম্নবর্ণিতঃ

- (ক) ট্রাস্টের কার্যক্রম সার্বিকভাবে পরিচালনা ও নিয়ন্ত্রণ;
- (খ) ট্রাস্টের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (গ) ট্রাস্টের উদ্দেশ্য পূরণকল্পে কার্যক্রম গ্রহণের জন্য বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অর্থায়ন;
- (ঘ) সরকারের অর্থায়ন ব্যতীত সরকার কর্তৃক অনুমোদিত দেশী ও বিদেশী উৎস হতে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে প্রয়োজনে সরকারের অনুমোদন সাপেক্ষে, বিভিন্ন দেশ বা সংস্থার সাথে যোগাযোগ, অর্থ প্রাপ্তির উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ;
- (ঙ) ট্রাস্টের তহবিল হতে অর্থায়নের জন্য প্রয়োজনীয় গাইডলাইন, আবেদন ফরম ইত্যাদি প্রণয়ন;
- (চ) সরকার কর্তৃক, সময় সময় প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে এর উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন এবং

চলমান পাতা-২

